

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫০৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬৫. কঙ্কর দ্বারা তাসবীহ পাঠের হিসাব রাখা।

باب التَّسْبِيح بِالْحَصَى

## আরবী

حَدَّثَنَا دَاوُدُ بْنُ أُمَيَّةَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، مَوْلَى أَبِي طَلْحَةَ عَنْ كُرَيْبٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ خَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ عِنْدِ جُويْرِيَةَ \_ وَكَانَ اسْمُهَا بَرَّةَ فَحَوَّلَ اسْمَهَا \_ فَخَرَجَ وَهِيَ فِي مُصلاًهَا وَرَجَعَ وَهِيَ فِي جُويْرِيَةَ \_ وَكَانَ اسْمُهَا بَرَّةَ فَحَوَّلَ اسْمَهَا \_ فَخَرَجَ وَهِيَ فِي مُصلاًهَا وَرَجَعَ وَهِيَ فِي مُصلاًهَا فَقَالَ " لَمْ تَزَالِي فِي مُصلاًها وَرَبَعَ الله عَلَى " قَلْتُ بَعْدَكِ أَرْبَعَ مُصلاًها فَقَالَ " لَمْ تَزَالِي فِي مُصلاًك هَذَا " . قَالَت نَعَمْ . قَالَ " قَدْ قُلْتُ بَعْدَكِ أَرْبَعَ كَلِمَاتٍ ثَلاَثَ مَرَّاتٍ لَوْ وُزِنَتْ بِمَا قُلْتِ لَوَزَنَتْهُنَّ سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ عَدَدَ خَلْقِهِ وَرِضا نَقْسِهِ وَزِنَةَ عَرْشِهِ وَمِدَادَ كَلِمَاتِهِ " .

#### বাংলা

১৫০৩, দাউদ ইবন উমায়্যা (রহঃ) .... ইবন আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহে ওয়াসাল্লাম জুওয়ায়রিয়া (রাঃ) এর ঘর হতে (সকালে) বের হন এবং তার পূর্বের নাম ছিল বাররা। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নাম পরিবর্তন করে জুওয়ায়রিয়া রাখেন। তিনি তার ঘর হতে বের হওয়ার সময়ও তাঁকে জায়নামাজের উপর দেখেন এবং ফিরে এসেও তাঁকে ঐ অবস্থায় দেখতে পান। তিনি তাঁকে জিজ্ঞাসা করেনঃ তুমি কি এতক্ষণ এই জায়নামাযের উপরেই ছিলে? তিনি বলেনঃ হাাঁ।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমার এখান থেকে যাওয়ার পর আমি চারটি কলেমা তিনবার করে পড়েছি। তার ওজন করা হলে তোমার পঠিত যিকিরের তুলনায় তাদের ওযন বেশী হবে। তার একটি হল "সুবহানাল্লাহ ওয়া বিহামদিহি", এটা আল্লাহ্র সৃষ্ট সমস্ত মখলুকের সম-সংখ্যক। তা পাঠের ফলে আল্লাহ্ রাযী হন, তার ওজন পবিত্র আরশের সমান এবং তাঁর (আল্লাহ্র) সমস্ত বাক্যের সম-সংখ্যক। (মুসলিম, তিরমিয়ী, নাসাঈ, ইবন মাজা)।

# **English**

### Narrated Abdullah Ibn Abbas:



The Messenger of Allah () went out from Juwayriyyah (wife of the Prophet). Earlier her name was Barrah, and he changed it. When he went out she was in her place of worship, and when he returned she was in her place of worship.

He asked: Have you been in your place of worship continuously? She said: Yes. He then said: Since leaving you I have said three times four phrases which, if weighed against all that you have said (during this period), would prove to be heavier: "glory be to Allah", and I begin with praise of Him to the number of His creatures, in accordance with His good pleasure, to the weight of His throne and to the ink (extent) of His words.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন